মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫১৩৬ তারিখ : ২৬-১১-২০২৩ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৮-১১-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২৮২৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন চাম্পাফুল আ. প্র. চ. মাধ্যমিক বিদ্যাপীঠ-এর প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল হাকিম একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**অভিযোগের ছায়া কপি সংযুক্ত**

২৬-১১-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০২৪৭৭৭৬২৭০৫

**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**কালিগঞ্জ, সাতক্ষীরা**

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫১৩৬(৫) তারিখ : ২৬-১১-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩। সভাপতি, চাম্পাফুল আ. প্র. চ. মাধ্যমিক বিদ্যাপীঠ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। প্রধান শিক্ষক/অভিযোগকারী, চাম্পাফুল আ. প্র. চ. মাধ্যমিক বিদ্যাপীঠ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৫। অফিস নথি।

২৬-১১-২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

# চাম্পাফুল আচার্য প্রফুল্ল চন্দ্র মাধ্যমিক বিদ্যাপীঠ

ডাকঘর : চাম্পাফুল, কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্থাপিত : ১৯২৪ ইং

বিদ্যালয় কোড নং- ৪৯৬৯, ইন নং- ১১৮৭৩৯, এমপিও কোড : ৬১০৪০২১৩০১, কেন্দ্র কোড : ৪৭০

ওয়েব সাইট ঠিকানা : www.capcsb.edu.bd ই-মেইল ঠিকানা : champaful_apc@yahoo.com

---

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
যশোর।

বিষয়ঃ- সভাপতি মহোদয় যথাযথ বিধি অনুসরণ না করে এবং নিম্ন স্বাক্ষরকারীকে ম্যানেজিং কমিটির সভার নোটিশ না দিয়ে একতরফা ভাবে সাময়িক বরখাস্তাদেশ এর বিরুদ্ধে এবং অন্যান্য অসদাচারণ মর্যাদা হানিকর হাওয়ায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন সহ আদালত থেকে নোটিশ থাকায় নিয়মিত কমিটি স্থগিত সহ বিদ্যালয় সুষ্ঠু ভাবে পরিচালনা ও শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য এডহক কমিটি গঠন প্রসঙ্গে ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে বিনয়ের সহিত জানানো যাচ্ছে যে, চাম্পাফুল আচার্য প্রফুল্ল চন্দ্র মাধ্যমিক বিদ্যাপীঠের ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল লতিফ মোড়ল বিভিন্ন সময়ে নিম্ন স্বাক্ষর কারীর সহিত নানাবিধ অসদাচরণ ও ক্ষতি সাধনে লিপ্ত ছিলেন । বিদ্যাপীঠের নিজস্ব জমিতে নির্মিত দোকানের লিজ গ্রহীতা রুহুল কুদ্দুস সিড়ি নির্মাণ কার্য শুরু করলে তার নিকট মোটা অংকের টাকা উৎকোচ দাবি করেন। টাকা না দেওয়ায় সিড়ি নির্মাণ কার্য বন্ধ করার জন্য আমাকে আদেশ প্রদান করলে, ২০২১ সালে এডহক কমিটির মাধ্যমে দোকান ঘরের সিড়ি নির্মাণের ডিড থাকায় আমি সভাপতি মহোদয়ের আদেশ পালনে অস্বীকৃতি জানিয়ে শ্রেণিতে পাঠদানের জন্য প্রবেশ করলে, ২জন অভিভাবকের সামনে আমাকে ধরে এনে জুতা পেটা করার হুমকি দেন। ( স্বাক্ষীদ্বয় ১. মোঃ রুহুল কুদ্দুস ০২. মোঃ আব্দুল করিম মোড়ল )। বিদ্যাপীঠে সহকারী প্রধান শিক্ষক, অফিস সহায়ক, আয়া, নৈশ প্রহরী, দিবা প্রহরী, পরিচ্ছন্নকর্মী ও ২জন ল্যাব সহকারী শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদানের জন্য ম্যানেজিং কমিটির সভাপতি মহোদয় বিগত ১৫/১০/২০২৩ খ্রিঃ গোপনে নিম্ন স্বাক্ষরকারী ও অফিস সহকারী মোঃ ইয়াছিন আলী কে কম্পিউটার রুমে ডেকে বলেন যে, নিয়োগ প্রার্থীদের নিকট হতে মাথাপিছু ন্যূনতম ১০ থেকে ১৫ লক্ষ করে টাকা নিবো, এর মধ্যে ০১ জন নিয়োগ প্রার্থীর টাকা স্কুলের উন্নয়ন ফান্ডে জমা হবে বাকি সকল প্রার্থীর নিকট হতে নেওয়া টাকা তিনি নিজেই নিবেন। তখন নিম্ন স্বাক্ষরকারী ও অফিস সহকারী মোঃ ইয়াছিন_আলী তার প্রস্তাব প্রত্যাখান করে বলেন যে, নিয়োগ প্রার্থীদের নিকট হতে যদি কোন টাকা নেওয়া লাগে তবে সমস্ত টাকাই স্কুল ফান্ডে জমা করতে হবে। একথা শোনার পর সভাপতি মহোদয় প্রতিউত্তরে বলেন যে, আমি সভাপতি আমার সিদ্ধান্তই চূড়ান্ত। এ নিয়ে সভাপতি মহোদয়ের সাথে আমার মতবিরোধ হওয়ায় তিনি প্রতিহিংসা বশতঃ আমাকে সায়েস্তা করার জন্য আমার নামে বিভিন্ন দপ্তরে আমি হিসাব দিচ্ছিনা এবং নানাবিধ মিথ্যা অভিযোগ দায়ের করেন। বিগত ০৮/০৮/২০২৩ তারিখে নিম্ন স্বাক্ষর কারীর বকেয়া বেতনের ফাইল আটকানোর জন্য জেলা শিক্ষা অফিসার মহোদয় কে সুপারিশ করেছেন। তিনি দূর্জন ব্যক্তিদের ব্যবহার করে নিম্ন স্বাক্ষর কারীকে চাকুরীচ্যুত করার জন্য ১১/০৯/২০২৩ তারিখে মিথ্যা মামলা দাখিল করে শুনানী করেছেন। সুখকর বিষয় এই যে, রায় নিম্ন স্বাক্ষরকারীর পক্ষে আছে। ইহা ব্যতীত আরও নানাবিধ নীল নকসা তৈরী করে অপপ্রচার ছড়াচ্ছেন যা দ্বারা নিম্ন স্বাক্ষর কারী ভয়ানক ভাবে মানষিক ও আর্থিক ভাবে ক্ষতি গ্রস্থ হচ্ছেন এবং উপরোক্ত কর্মকান্ডের জন্য প্রতিষ্ঠানের স্বাভাবিক কর্মকাণ্ড সুষ্ঠু, সুন্দর ও সুচারু রুপে চালানো কষ্ট দায়ক হয়ে পড়ছে। সভাপতি মহোদয়কে এহেন হীন কর্মে সহায়তা করছেন ম্যানেজিং কমিটির স্বল্প শিক্ষিত ও কুচক্রী অভিভাবক সদস্যবৃন্দ। অতিসত্তর প্রধান শিক্ষককে কিভাবে চাকুরীচ্যুত করা যায় সেজন্য নানাবিধ ষড়-যন্ত্র চালাচ্ছেন। উল্লেখ্য মুঠো ফোনে এবং স্বাক্ষাতে সভাপতি মহোদয়কে না পেয়ে ছুটির দরখাস্ত অফিস সহকারীর নিকট জমাদান করি এবং মুভমেন্ট রেজিষ্টারে সহকারী সিনিয়র শিক্ষক জনাব মোঃ আবুল খায়ের কে স্কুল পরিচালনার দায়িত্ব বুঝিয়ে দিয়ে আমি ১৬/১০/২০২৩ ও ১৭/১০/২০২৩ খ্রিঃ দুই দিনের ছুটি নিয়ে ১৫/১০/২০২৩ তারিখে রাত্রে ঢাকায় গমন করি। ইতিমধ্যে বিগত ১৬/১০/২০২৩ খ্রিঃ এ নিম্ন স্বাক্ষরকারী হাই কোর্টে অবস্থানকালে বিকাল ০৫ ঘটিকার পরে সভাপতি মহোদয় ও তার সদস্যবৃন্দ স্কুল ক্যাম্পাসে প্রবেশ করে লাইব্রেরী কক্ষে অবস্থান করে ব্যক্তি আক্রোশে বশিভূত হয়ে অবৈধভাবে আমার বিরুদ্ধে সাময়িক বরখাস্ত আদেশ তৈরি করে স্কুলের নোটিশ বোর্ডে লটকে দেন। এ ব্যাপারে তিনি আমাকে অবহিত করেননি। সেজন্য নিম্ন স্বাক্ষকারী ভয়ানকভাবে মানষিক ও সামাজিক ভাবে বিপর্যস্থ হয়ে পড়েছেন। ইতিমধ্যে মন্ত্রণালয় থেকে বিদ্যাপীঠের বাউন্ডারী প্রাচীর ও সেসিপ বিল্ডিং এর উর্দ্ধ সমপ্রসারনের অনুমতি পাওয়া গিয়াছে। দূর্নীতি পরায়ণ সভাপতি মহোদয় পদে বহাল থাকলে উক্ত নির্মাণ কার্যে ব্যাপক দূর্নীতি চলবে বলে সুশীল-সমাজ ধারণা পোষণ করছেন।

অতএব জনাব যাতে উপরোক্ত কার্যক্রমের জন্য সভাপতি মহোদয়কে অব্যাহতি প্রদান করা যায় তার বিহিত ব্যবস্থা গ্রহণ করে নিম্ন স্বাক্ষর কারী যাতে সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ ভাবে প্রতিষ্ঠানের কার্যাদি সম্পন্ন করতে পারেন এবং নিয়মিত কমিটি পুনঃগঠনে অনিয়ম থাকায় সহকারী জজ আদালত কালিগঞ্জ, সাতক্ষীরায় ১১৫/২৩ নং মামলা থেকে সভাপতির নামে কারণ দর্শাও নোটিশ জারি করা হয়েছে। বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে দূর্নীতি পরায়ণ, অর্থলোভী, হিংসা পরায়ণ সভাপতিকে অব্যাহতি প্রদান করা হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

মো: আব্দুল হাকিম

ম. আব্দুল হাকিম
প্রধান শিক্ষক ও সেক্রেটারী
ইনডেক্স নং-২১২২৪১
চাম্পাফুল আচার্য প্রফুল্ল চন্দ্র মাধ্যমিক বিদ্যাপীঠ
চাম্পাফুল, কালিগঞ্জ, সাতক্ষীরা।